
NYC
সঙ্কটকালীন ব্যবস্থাপনার অফিস (Office of Emergency Management)
শিক্ষা বিভাগ (Department of Education)

# প্রস্তুতির

## জন্য আপনার নিজস্ব পথ বেছে নিন




# রাস্তার মাঝখানে হাঙর

READY NEW YORK
NYC OFFICE OF EMERGENCY MANAGEMENT

# প্রস্তুত নিউ ইয়র্ক (Ready New York)

## প্রস্তুতির জন্য আপনার নিজস্ব পথ বেছে নিন



©2013 অ্যাড কাউন্সিল (Ad Council) এবং New York সিটি সঙ্কটকালীন
ব্যবস্থা পনার অফি স (New York City Office of Emergency Management)।
এডুকে শন সেন্টা র, LLC (The Education Center, LLC) দ্বারা পাঠ্য ও নকশা

# রাস্তার মাঝখানে হাঙর

Ben স্কুলের পরে বাস্কেটবল খেলতে পছন্দ করত। মাধ্যমিক স্কুলে পড়ার কারণে সে দিনের অনেকটা সময় ডেস্কে বসে কাটাত, তাই কোর্টে দৌড়োদৌড়ি করে ঘন্টা খানেক সময় কাটানো তাকে শক্তি জোগাত। খেলা শেষ হয়ে যাওয়ার পরে সে তার সোয়েটশার্ট টেনে ধরে তাতে গলার ঘাম মুছছিল।

"তুমি কোথায় যাচ্ছো?"

"আমার বোনকে স্কুল-পরবর্তী কর্মসূচী থেকে আনতে যাওয়ার আগে আমাকে দৌড়ে বাড়ি গিয়ে স্নান করতে হবে," Ben বাস্কেটবল কোর্ট থেকে বেরিয়ে যেতে যেতে তার বন্ধু Mikey-কে বলেছিল।

Ben গান শুনতে শুনতে তার অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এর দিকে হাঁটতে শুরু করেছিল। Ben কর্নারের কাছে এসে দেখতে পেল যে তার রাস্তাটা সিটি ট্রাক, ইউটিলিটি যানবাহন, রাস্তা আটকানোর কমলা রঙের কোন আর কাঠের বেড়ায় পূর্ণ ছিল। একটা বেড়ার পিছনে পুলিশের একটা ক্রুজার গাড়ি দাঁড় করানো ছিল আর গাড়ির আলোগুলো জ্বলানেভা করছিল। সর্বত্র টু-ওয়ে রেডিওর বিকৃত আওয়াজ শুনতে পাওয়া যাচ্ছিল। আর একটা অদ্ভুত, জলের তোড়ের মত, *কলকল* আওয়াজ শুনে ব্লকটাকে শহরের মত মনে হচ্ছিল না, বরং নদীর তীরের মত বেশি শোনাচ্ছিল। ওখানে কী ঘটছিল?


Ben আরো ভালভাবে দেখার জন্য পাশের একটা বাড়ির সামনের সিঁড়িতে উঠে দাঁড়িয়েছিল। রাস্তাগুলো যেখানে একে অপরের সাথে মিলিত হয়েছে, তার মাঝখানে, তার অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এর প্রবেশপথের পাশে, রাস্তার নীচ থেকে কলকল শব্দ করে প্রবলবেগে ফোটার মত জল বেরচ্ছিল। চারদিকে জল ছড়িয়ে পড়ছিল।

"বাচ্চা! এই, বাচ্চা!"

Ben নীচের দিকে তাকিয়ে দেখতে পেল যে একটা সবুজ জামা পরা একটা লোক ওয়াকি-টকি দিয়ে তার দিকে নির্দেশ করছিল।

"তুমি কি এই বিল্ডিংগুলোর মধ্যে কোনোটায় থাকো?" হাতে ওয়াকি-টকি থাকা লোকটা তার আইডি ব্যাজ দেখিয়ে বলেছিল, "আমি কমিউনিটি এমার্জেন্সি রেসপন্স (Community Emergency Response Team) টিমে কাজ করি"। "দেখো, আমার ব্যাজে 'CERT' লেখা আছে। আমার নাম O'Meara।"

"Mr. O'Meara, কী হচ্ছে?" Ben জিজ্ঞাসা করেছিল।



"জলের পাইপ ফেটে গেছে আর বিদ্যুৎ বন্ধ করে দেওয়া হয়েছে," লোকটি বলেছিল। "এই বিল্ডিংগুলো খালি করানো হচ্ছে। তোমার নাম কী?"

"আমার নাম Ben। আমি ওখানে থাকি," Ben পাশের বাড়িটার দিকে দেখিয়ে বলেছিল।

"ঠিক আছে, Ben। আমি তোমাকে সাহায্য করতে পারি। তোমার কি যাওয়ার মত এমন কোনো জায়গা আছে—যেখানে তোমার পরিবার তোমাকে খুঁজে পেতে পারে? না কি তুমি উপরে তোমার অ্যাপার্টমেন্টে যেতে চাও?"

**BEN যদি কোনো বন্ধুর বাড়ি যাওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে 7 পাতায় যান।**

**BEN যদি উপরে তার অ্যাপার্টমেন্টে যাওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে 6 পাতায় যান।**

**BEN উপরে তার অ্যাপার্টমেন্টে যাওয়ার সিদ্ধান্ত নিল।**

"আমাকে উপরে আমার অ্যাপার্টমেন্টে যেতে হবে," Ben Mr. O'Meara কে বলেছিল। "আমার কিছু জিনিস আছে, আমাকে ওখানে যেতেই হবে। আমাদের রেফ্রিজারেটরের ওপরে একটা এমার্জেন্সি কার্ড আছে যেখানে আমার পরিবার একটা সাক্ষাতের জায়গার নাম লিখে রেখেছে। আর আমার একটা গো ব্যাগও আছে।"

Mr. O'Meara হেসেছিলেন। "দারুণ ব্যাপার, Ben। তুমি সম্ভবত রাতে এখানে থাকতে পারবে না, তাই একটা গো ব্যাগ রাখার ধারণাটা খুবই বুদ্ধিমত্তার পরিচয়। আমি তোমাকে পিছনের দরজা দিয়ে তোমার বিল্ডিং-এ নিয়ে যাব। তারপরে তুমি তোমার অ্যাপার্টমেন্টে যেতে পারো আর যা যা প্রয়োজন নিয়ে আসতে পারো।"




Ben ও Mr. O'Meara একসাথে একটা ঘেরা জায়গার পাশ দিয়ে হেঁটে গেল, যেখানে একজন পুলিশ অফিসার একটা ক্লিপবোর্ড আর রেডিও নিয়ে দাঁড়িয়ে ছিলেন। Ben তাকে তার নাম আর অ্যাপার্টমেন্টের নম্বর জানিয়েছিল আর তাকে সঙ্গীর সাথে বিল্ডিং-এ ঢোকার অনুমতি দেওয়া হয়েছিল। তারপরে অন্য একজন CERT সদস্য তার সঙ্গে হেঁটে তার বাড়ির তলা পর্যন্ত এসেছিলেন।

Ben দরজার তালা খুলে ভিতরে ঢুকেছিল। সে একা তার অ্যাপার্টমেন্টের ভিতরে থাকার সময়ে, রাস্তার হৈচৈয়ের পরে একটা নিরাপদ, পরিচিত জায়গায় ফিরে আসার অনুভূতিটা খুবই ভাল ছিল। সে জানলার কাছে গিয়ে নিচে তাকিয়েছিল। সে একটা বিশাল গর্ত দেখতে পেয়েছিল, যার মধ্যে থেকে সাদা জলের ধারা বেরিয়ে প্রবল বেগে রাস্তায় এসে মিশছিল, আর সঙ্কটকালীন কর্মীরা চারদিকে ছড়িয়ে পড়েছিলেন। *Ben ভেবেছিল, আমি কয়েক মিনিট ধরে ঘটনাটা একটু লক্ষ্য করব।* তবে সে এটাও জানত যে তাকে গো ব্যাগটা নিতে হবে আর তার পরিবারের সঙ্কটকালীন সাক্ষাতের জায়গাটা কোথায় তা নিজেকে মনে করানোর জন্য ফ্রিজের ওপরে তাকাতে হবে।

**BEN যদি দেখার সিদ্ধান্ত নেয়, তাহলে 9 পাতায় যান।**

**যদি BEN তার গো ব্যাগটা নিয়ে আসা আর পরিবারের সাথে সাক্ষাতের স্থানে যাওয়ার সিদ্ধান্ত নেয় তাহলে 10 পাতায় যান।**

**BEN তার একজন বন্ধুর বাড়ি যাওয়ার সিদ্ধান্ত নিল।**

"আমি ভাবছি আমার বন্ধুর বাড়িতে যাব," Ben Mr. O'Meara কে জানায়। "আমার মা-বাবা কাজ থেকে ফেরা পর্যন্ত আমি সেখানেই থাকতে পারি।"

"তোমার পরিবার কি সঙ্কটকালীন সাক্ষাতের স্থান হিসাবে কোনো জায়গা নির্দিষ্ট করেছে? তারা কিভাবে জানবে যে তুমি কোথায় আছো?"

Ben জোর দিয়ে বলেছিলো, "তারা জানবে যে আমি Marcus-এর সাথে আছি" কিন্তু সে নিশ্চিত ছিল না। সে ভেবেছিল যে সে Marcus-এর বাড়ি থেকে তার মা অথবা বাবাকে ফোন করবে।

ঠিক তখনই রাস্তায় একটা ব্যাকহো গাড়ির পিছনের দিকে চলার স তর্কতামূলক বীপ আওয়াজ শোনা গেল। তারা ব্যাকহো গাড়িটাকে দেখতে থাকার সাথে সাথে Mr. O'Meara বলেছিলেন: "শোনো বাচ্চা, তোমার পরিবার যে জায়গাটাকে নিরাপদ সাক্ষাতের স্থান হিসাবে নির্ধারণ করেছে সেখানে চলে যাও। তুমি এখানে থাকতে পারবে না। এই বাড়িতে জল বন্ধ করে দেওয়া হয়েছে, আর বিদ্যুৎও বন্ধ আছে।"

"কোনো চিন্তা নেই," Ben বলেছিল। "ধন্যবাদ, আমি এখান থেকে চলে যাচ্ছি।"

Ben দ্রুত হেডফোনটা আবার কানে লাগিয়ে Marcus-এর অ্যাপার্টমেন্টের দিকে এগোতে থাকল। সে আর Marcus কোনো ভিডিও গেম খেলতে পারত অথবা বাস্কেটবল কোর্টে ফিরে যেতে পারত। সে Marcus-এর বাড়িতে পৌঁছে দ্রুতবেগে সিঁড়ি দিয়ে উপরে উঠেছিল।

"এই, তুমি এখানে কি করছ?" Marcus দরজা খুলতে খুলতে জিজ্ঞাসা করেছিল।



"আমার অন্য কোনো যাওয়ার জায়গা ছিল না। আমার রাস্তার অবস্থাটা দেখার মত। পাগলের মত দশা!"

"কেন? কী হয়েছে?" Marcus Ben-কে ঢুকতে দেওয়ার জন্য একপাশে সরে যেতে যেতে জিজ্ঞাসা করেছিল।

"জলের পাইপ ফেটে গেছে আর বিদ্যুৎও নেই," Ben তার ব্যাকপ্যাকটা দরজার ভিতরের দিকে মেঝেতে রেখে উত্তর দিয়েছিল। "ওরা আমাকে ওখানে থাকতে দিল না। তাই আমি ভাবলাম এখানে চলে আসব। অসুবিধা নেই তো?" Ben Marcus-এর মায়ের দিকে ঘুরে জিজ্ঞাসা করেছিল।

"নিশ্চয়, কোনো অসুবিধা নেই। কিন্তু তোমার মা-বাবা কি জানেন যে তুমি এখানে আছো?" তিনি জানতে চেয়েছিলেন। "আর তোমার বোনের কী হবে?"

Marcus-এর মা তার ফোন নিয়ে এলেন এবং Ben কে সেটি হস্তান্তর করলেন। "আমার মনে হয় তোমার এখনই তাদের ফোন করে জানানো উচিত যে তুমি কোথায় আছো।"

Ben-এর মা প্রথম রিং হওয়ার সাথে সাথে ফোনটা ধরেছিলেন। তিনি এইমাত্র একজন প্রতিবেশীর থেকে জলের পাইপ ফাটার ব্যাপারে ফোন পেয়েছিলেন আর Ben কোথায় আছে সেই ভেবে দুশ্চিন্তা করছিলেন। তিনি দ্রুত তাকে মনে করিয়ে দিয়েছিলেন যে তাকে কোথায় যেতে হবে, আর তারা আগে যেভাবে অভ্যাস করেছিলেন সেইমত তাকে তার গো ব্যাগটাও সঙ্গে করে নিয়ে আসতে হবে।

"আমাকে যেতে হবে," সে Marcus-কে বলেছিল। "আমার পরিবারের সঙ্গে দেখা করার আগে আমাকে অ্যাপার্টমেন্টে ফিরে গিয়ে আমার গো ব্যাগটা নিয়ে আসতে হবে।" Ben দরজা দিয়ে বেরিয়ে সোজা তার অ্যাপার্টমেন্ট বিল্ডিং-এর দিকে হাঁটতে শুরু করল। সে Mr. O'Meara বা CERT-এর অন্য কোনো সদস্যকে খোঁজার জন্য চোখ খোলা রেখেছিল, কারণ সে জানত যে প্রয়োজন হলে তারা সাহায্য করবেন।

**6 পাতায় "BEN উপরে তার অ্যাপার্টমেন্টে যাওয়ার সিদ্ধান্ত নিল"-তে যান।**

## BEN কিছুক্ষণ ঘটনাটা দেখার সিদ্ধান্ত নিল।

মাত্র কয়েক মিনিট পরেই Ben রাস্তায় ফোয়ারার মত জল দেখতে দেখতে ক্লান্ত হয়ে গিয়েছিল। দৃশ্যটা যতটাই অস্বাভাবিক হোক না কেন, এটা একই দশ সেকেন্ডের ভিডিও বারবার দেখার মত মনে হচ্ছিল।

জানলা থেকে সরে এসে, Ben তার হ্যান্ডহেল্ড ভিডিও গেমটা টেনে নিয়েছিল আর আগে থেকে সঞ্চয় করে রাখা গেমটা খেলতে শুরু করেছিল। তার কোনো ধারণাই ছিল না যে সে কতক্ষণ ধরে খেলেছিল, এমন সময় সে দরজায় একটা জোরে টোকার আওয়াজ শুনতে পেয়েছিল। সে দরজার কাছে এসে ছিদ্র দিয়ে উঁকি মেরেছিল। দরজার বাইরে Mr. O'Meara দাঁড়িয়ে ছিলেন।



"তুমি বলেছিলে যে তুমি একটু পরেই নিচে নেমে আসবে। তুমি ঠিক আছো তো?" Mr. O'Meara জিজ্ঞাসা করেছিলেন। তারপরে Mr. O'Meara ভিডিও গেমটা দেখতে পেয়ে ভ্রূ কুঁচকে তাকিয়েছিলেন। Ben যখন তার গো ব্যাগটা নিচ্ছিল আর ফ্রিজের ওপরে রাখা এমার্জেন্সি কার্ডটা দেখছিল, সেই সময়ে তিনি লক্ষ্য রাখছিলেন।

"Ben, আমার মনে হয় এই মুহূর্তে ভিডিও গেম খেলার থেকেও অনেক বেশি গুরুত্বপূর্ণ বিষয়ে তোমার ভাবা উচিত। তোমার পরিবার হয়ত তোমার জন্য অপেক্ষা করে আছে," হল দিয়ে নিচে নেমে আসার সময়ে Mr. O'Meara বলেছিলেন, আর Ben দরজাটা বন্ধ করে দিয়েছিল।

**10 পাতায় "BEN তার গো ব্যাগটা নিয়ে আসা আর পরিবারের সাথে সাক্ষাতের স্থানে যাওয়ার সিদ্ধান্ত নিল"-এ যান।**

**BEN তার গো ব্যাগটা নিয়ে আসা আর পরিবারের সাথে সাক্ষাতের স্থানে যাওয়ার সিদ্ধান্ত নিল।**

Ben সোজা তার শোবার ঘরে চলে গিয়েছিল। তার আলমারিতে উজ্জ্বল লাল রঙের গো ব্যাগটা রাখা ছিল, যার মধ্যে সঙ্কটজনক অবস্থায় যা কিছু প্রয়োজন সবই ছিল। সে তার ভিডিও গেমটাও নেওয়ার জন্য প্রলুব্ধ হয়েছিল, কিন্তু সে জানত যে এর জন্য সময় নাও হতে পারে। তার এটাও মনে ছিল যে নিজেকে ব্যস্ত রাখার জন্য তার গো ব্যাগে কয়েকটা কমিক বইও ছিল।

তার শোবার ঘরে যাওয়ার পথে, Ben তার ছোট টর্চলাইটটা উঠিয়ে নিয়েছিল এবং তারপরে রান্নাঘরে গিয়েছিল। সে সেখানে ফ্রিজের উপরে রাখা এমার্জেন্সি কার্ডটা দেখতে পেয়েছিল।

"ওহ। নিশ্চয়ই!" Ben বলেছিল। "প্রাথমিক স্কুল। ওটাই তো আমাদের পরিবারের সাক্ষাতের জায়গা!"

Ben তার গো ব্যাগটা হাতে নিয়ে পরিবারের অ্যাপার্টমেন্টে তালা লাগিয়েছিল আর হলওয়ে দিয়ে নিচে নামতে শুরু করেছিল।

"এই জায়গাটা নিশ্চিতভাবেই শান্ত," কেউ একজন তার পিছন থেকে বলে উঠেছিল।

Ben পিছনে ফিরে তার প্রতিবেশী Mrs. Hawthorne-কে দেখতে পেয়েছিল।

"আপনি কি কোনো আশ্রয়স্থল বা ঐ ধরনের কোথাও যাচ্ছেন?" Ben জিজ্ঞাসা করেছিল।

Mrs. Hawthorne তার দরজার কাছ থেকে বলেছিলেন "আমি জানি না কী করা উচিত,"। "আমাকে Mr. Melvin-এর দেখাশোনা করতে হবে।"

"Mr. Melvin," Ben পুনরাবৃত্তি করেছিল। "তোমার বিড়াল।"

এলিভেটরের দিকে এগোতে এগোতে Ben যোগ করেছিল, "আপনি আপনার বিড়ালটাকেও সঙ্কটকালীন আশ্রয়ে নিয়ে যেতে পারেন। আপনাকে শুধু ওকে একটা ক্যারিয়ারে রাখতে হবে। সবুজ জামা পরা লোকটার সঙ্গে কথা বলুন। কিন্তু আজ আমাদের রাতে এখানে থাকার অনুমতি নেই।"

Ben রাস্তায় ফিরে আসার পরে সোজা Mr. O'Meara-র কাছে গিয়ে তাঁকে তার গো ব্যাগটা দেখিয়েছিল।

"তুমি কি জানো যে তোমার পরিবারের সঙ্গে দেখা করার জন্য তুমি কোথায় যাচ্ছো?"



"হ্যাঁ, স্যার। প্রাথমিক স্কুল। আমি এইমাত্র আমাদের এমার্জেন্সি কার্ড দেখলাম। আমার বোন স্কুল-পরবর্তী কর্মসূচিতে সেখানেই আছে।"

"তোমার বোনের কাছে যাও, বাচ্চা। নিরাপদে থেকো।" Mr. O'Meara বলেছিলেন।

Ben তার হেডফোনটা মাথায় লাগিয়ে নিয়েছিল, কিন্তু তারপরেই আবার সেটাকে টেনে খুলে রেখেছিল। "ওহ, আরেকটা জিনিস," সে বলেছিল। "3D অ্যাপার্টমেন্টে আমার প্রতিবেশী এখনও উপরের তলায় আছেন। উনি ওঁর বিড়ালের সম্বন্ধে দুশ্চিন্তা করছেন। কেউ কি গিয়ে ওঁর সাথে কথা বলতে পারে?"

"অবশ্যই করব। আমাকে বলার জন্য ধন্যবাদ," Mr. O'Meara বলেছিলেন। "শুভ বিদায়।"

Ben হাসতে হাসতে হেঁটে চলে গিয়েছিল। *"শুভ বিদায়?" এটা এখনও কেউ বলে?* সে নিজের মনে ভেবেছিল।

Ben ভাল অনুভব করছিল। তার মা-বাবা এবং সে যেখানে যাওয়ার ব্যাপারে একমত হয়েছিল, সেখানে যাওয়ার জন্য সঠিক বিকল্পই সে বেছে নিয়েছিল। আর মাত্র একটা ব্লক, তারপরেই সে পৌঁছে যাবে।


"এই, Ben! এই, Ben! তুমি কোথায় যাচ্ছো?"

Ben ওর নিজের চিন্তায় মগ্ন হয়ে ছিল, আর সে দেখতেই পায় নি যে তার বন্ধু Adam ও Mike D. তার দিকে এগিয়ে আসছিল। Mike D. করমর্দনের জন্য Ben এর দিকে হাত বাড়িয়ে দিয়েছিল।

"কী চলছে, Ben?" Mike D. জিজ্ঞাসা করেছিল।

Ben তার হেডফোনটা খুলে নিয়ে উত্তর দিয়েছিল, "এই দুপুরটা আজ পর্যন্ত সবচেয়ে অদ্ভুত।"

"জলের পাইপ ফাটার ব্যাপারে শুনেছো?" Adam জিজ্ঞাসা করেছিল। "আমার মনে হয় তুমি যেখানে থাকো, এটা তারই কাছাকাছি, Benny! লোকে বলছে যে রাস্তা পাঁচ ফুট জলের তলায় চলে গেছে আর একটা আবর্জনার ট্রাক গর্তে পড়ে গেছে! আমরা এটাই দেখতে যাচ্ছি।"



"আমি এটা দেখেছি। এটা আমার অ্যাপার্টমেন্টের একেবারে সামনেই ঘটেছে," Ben বলেছিল।

"সত্যি?" দু'টি ছেলেই বলেছিল।

Ben হেসে বলেছিল, "হ্যাঁ। ওখানে কোনো আবর্জনার ট্রাক নেই। শুধু প্রচুর পরিমাণে জল আছে।"

"এসো। চলো গিয়ে দেখা যাক।" Adam বলেছিল।

"হ্যাঁ, Ben, চলো যাওয়া যাক। আমাদের দেখাও," Mike D. বাধা দিয়ে বলেছিল।


**BEN যদি সিদ্ধান্ত নেয় যে সে ADAM ও MIKE D.-কে জলের পাইপ ফাটার ঘটনা দেখাতে নিয়ে যাবে, তাহলে 13 পাতায় যান।**

**BEN যদি সাক্ষাতের স্থানে এগোতে থাকার সিদ্ধান্ত নেয় তাহলে 15 পাতায় যান।**

**BEN সিদ্ধান্ত নিল যে সে ADAM ও MIKE D.-কে জলের পাইপ ফাটার ঘটনা দেখাতে নিয়ে যাবে।**

"ঠিক আছে," Ben রাজি হয়েছিল। "আমি বাজি ধরছি যে আমরা এক মিনিটের জন্য সেখানে গিয়ে দেখতে পারব।"

Mike D. ও Adam মজা করছিল। Ben-এর কোনো ধারণাই ছিল না যে জলের পাইপ ফাটা দেখার মধ্যে এত উত্তেজক কী থাকতে পারে। কিন্তু তার বন্ধুদের এই ব্যাপারে কথা বলতে শুনে মনে হচ্ছিল যে হয়ত বা তারা শহরের মাঝখানে একটা হাঙরকে সাঁতার কাটতে বা একটা জেলিফিশকে ক্যুইন্সের দিকে যেতে দেখবে।



তারা একবার ব্লকে ফিরে আসার পরে Ben দেখতে পেল যে সে জায়গাটা ছেড়ে যাওয়ার সময় দৃশ্যটা যেমন ছিল এখনও তেমনই আছে। কোনো জেলিফিশ নেই। ব্রডওয়ের দিকে সাঁতরাতে থাকা কোনো হাঙরও নেই। এখন আর আগের মত জলও নেই।

Mike D. দাঁড়িয়ে থাকা ট্রাকের পিছনে উঠে পড়েছিল আর রাস্তার সংযোগস্থলের দিকে নির্দেশ করেছিল।

"কী? শুধুমাত্র রাস্তার একটা গর্ত!" সে চেঁচিয়ে উঠেছিল।

ঠিক তখনই Mr. O'Meara ফুটপাথের ব্যারিকেডের দিক থেকে হেঁটে এসেছিলেন। তিনি Mike D.-এর দিকে হাত নেড়ে তাকে ট্রাক থেকে নেমে আসতে বলেছিলেন। Ben-এর দিকে নির্দেশ করে তিনি বলেছিলেন, "তুমি কি কিছু ভুলে গেছিলে?"

"আমার বন্ধুরা পাইপ ফাটার ঘটনাটা দেখতে চাইছিল।"

"সব জল কোথায় গেল?" Adam জিজ্ঞাসা করেছিল। "এই ছোট গর্তটার মধ্যে আবর্জনার ট্রাকটা কীভাবে ডুবে গেল?"

Mr. O'Meara ভ্রু কুঁচকে আবার বলে উঠেছিলেন, "আবর্জনার ট্রাক?"

"ওরা শুনেছিল যে রাস্তা ফেটে তৈরি হওয়া গর্তের মধ্যে একটা আবর্জনার ট্রাক তলিয়ে গেছে," Ben বলেছিল।

"আমার মনে হয় তোমার একটা জায়গায় যাওয়ার কথা ছিল, Ben," Mr. O'Meara বলেছিলেন।

Ben মাথা নেড়েছিল। "আপনি ঠিকই বলছেন। আমাকে যেতে হবে। চলো, সবাই।"

Mike D. এখনও রাস্তাটা দেখতে সমস্যায় পড়ছিল, ওরা তিনজন পিছনে ঘুরে হেঁটে ফেরত যাওয়া শুরু করল, ওদের যেখানে দেখা হয়েছিল সেই দিকে।

কয়েক মিনিট পরে Ben অবশেষে প্রাথমিক স্কুলে পৌঁছেছিল। তার পরিবারকে খুঁজে পেতে তার বেশি সময় লাগে নি। তার বোনের চোখগুলো লাল হয়ে গিয়েছিল, আর সে নাক দিয়ে জোরে শ্বাস নিচ্ছিল। Ben এর মা তাকে হাত দিয়ে জড়িয়ে ধরেছিলেন। তার মা-বাবার মুখের দিকে একবার তাকাতেই দেখা গিয়েছিল যে তারা Ben-এর উপরে খুব রেগে আছেন।

"তুমি কোথায় ছিলে?" তার বাবা জানতে চেয়েছিলেন।

"আমরা দুশ্চিন্তায় অসুস্থ হয়ে পড়ছিলাম," তার মা যোগ করেছিলেন। "আর তোমার বোন ভয় পেয়ে গিয়েছিল। আমরা পরিবারের জন্য একটা সঙ্কটকালীন পরিকল্পনা তৈরি করেছিলাম। তুমি সেটা অনুসরণ করো নি কেন?"

Ben দুপুরের কথা স্মরণ করছিল। এত বেশি ঘটনা ঘটেছে, আর এত বেশি সিদ্ধান্ত নিতে হয়েছে। সে পরিকল্পনা অনুসারে চলল না কেন? তার মা-বাবা ও বোনের দিকে তাকিয়ে তার মনে হচ্ছিল যে সে যদি পুরো ঘটনাটা আবার প্রথম থেকে শুরু করতে পারত। সে পরিকল্পনা মেনে চলতে ইচ্ছুক ছিল। Ben জানত যে যদি কখনও আরেকটা সঙ্কটজনক অবস্থা সৃষ্টি হয়, তাহলে সে নিশ্চিতভাবেই পরিকল্পনাটা মেনে চলবে।

## BEN সাক্ষাতের স্থানে এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিল।

Ben চিন্তা করল যে সে যদি Mike D. আর Adam-এর সঙ্গে যোগ দিয়ে জলের ফাটা পাইপ দেখতে যেত তাহলে সে কতটা হাসিমজা করতে পারত। কিন্তু সে তো ইতিমধ্যেই সেখানে গিয়েছিল, আর সেখানে সত্যিই কী বা দেখার আছে? গর্তের মধ্যে কোনো আবর্জনার ট্রাক ছিল না।

“আমি যেতে পারব না, বন্ধু,” Ben তার বন্ধুদের বলেছিল। “ওখানে দেখার মত বেশি কিছুই নেই।”

“তোমার যেটা ঠিক মনে হয়,” ছেলেরা এগোতে থাকার সময়ে Adam বলেছিল।

Ben শীঘ্রই প্রাথমিক স্কুলে পৌঁছে গিয়েছিল। স্কুল-পরবর্তী কর্মসূচীর স্বেচ্ছাসেবকরা সামনের দরজায় দাঁড়িয়ে ছিল, আর তাদের সঙ্গে CERT এর সবুজ জামা পরা অনেকজন মানুষ আর কিছু পুলিশ অফিসারও সেখানে ছিলেন। স্কুলের কর্মীরা Ben-কে চিনতে পেরে তার বোনের দিকে নির্দেশ করেছিলেন, যে খেলার মাঠে খেলা করছিল।





Ben-এর বোন তাকে দেখে দৌড়তে দৌড়তে চলে এসেছিল। "তোমরা কি শুনেছো? তোমরা কি শুনেছো? আমরা আজ রাতে স্কুলে ঘুমোব!" সে উত্তেজনার সাথে বলে উঠেছিল।

"ওহ তাই?" Ben জিজ্ঞাসা করেছিল।

"এসো, আমি তোমাকে দেখাবো। ওরা জিমে খাট পাতছে।"

Ben হেসেছিল। তার পুরনো স্কুলে রাত কাটানোর একেবারেই কোনো ইচ্ছা ছিল না, কিন্তু সে এটা দেখে খুশি হয়েছিল যে তার বোন এটাকে একটা রোমাঞ্চকর ব্যাপার ভাবছিল।

জিম পরিদর্শন করার পরে Ben আর তার বোন বাইরে বেরিয়ে এসেছিল যেখানে তারা তাদের মা-বাবাকে স্কুলের দিকে এগিয়ে আসতে দেখতে পেয়েছিল। তার বোন মা-বাবার দিকে দৌড়ে গিয়ে তাদের জড়িয়ে ধরেছিল।

"তোমরা কি শুনেছো? তোমরা কি শুনেছো? আমরা আজ রাতে স্কুলে ঘুমোব!" Ben চোখ গোল করে তাকিয়েছিল, আর মা-বাবা মুচকি হেসেছিলেন। জিমে ঘুমানো আদর্শ অবস্থা না হলেও, এটা নিরাপদ ছিল। সব মিলিয়ে অবস্থা অতটা খারাপ ছিল না। Ben হয়ত পরের বার সৃষ্টিশীল রচনার অ্যাসাইনমেন্টে এই গল্পের সম্বন্ধে লিখবে, —তবে সে নিশ্চিতভাবেই গর্তের মধ্যে একটা আবর্জনার ট্রাক ডুবে যাওয়া আর ব্রডওয়েের দিকে সাঁতরাতে থাকা হাঙরের কথাগুলো যোগ করবে।